# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৯৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আল্লাহর পক্ষ থেকে হিদায়াত প্রাপ্তির আগে এবং পরে যে দু‘আ করা মানুষের জন্য আবশ্যক

ذِكْرُ الْأَمْرِ بِمَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الدُّعَاءِ قَبْلَ هِدَايَةِ اللَّهِ إِيَّاهُ لِلْإِسْلَامِ وَبَعْدَهُ

আরবী

896 ـ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدِ بْنِ الْمُبَارَكِ الْعَابِدُ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ مَنْصُورٍ عَنْ رِبْعِيٍّ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ فَقَالَ: يَا مُحَمَّدُ! عَبْدُ الْمُطَّلِبِ خيرٌ لِقَوْمِهِ مِنْكَ كَانَ يُطعمهم الْكَبِدَ وَالسَّنَامَ وَأَنْتَ تَنْحَرُهُمْ فَقَالَ لَهُ مَا شَاءَ اللَّهُ فَلَمَّا أَرَادَ أَنْ يَنْصَرِفَ قَالَ: مَا أَقُولُ؟ قَالَ: (قُلِ: اللَّهُمَّ قِنِي شَرَّ نَفْسِي وَاعْزِمْ لِي عَلَى أَرْشَدِ أَمْرِي) فَانْطَلَقَ الرَّجُلُ وَلَمْ يَكُنْ أَسْلَمَ وَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَتَيْتُكَ فَقُلْتُ: عَلِّمْنِي فَقُلْتَ: (اللَّهُمَّ قِنِي شَرَّ نَفْسِي وَاعْزِمْ لِي عَلَى أَرْشَدِ أَمْرِي فَمَا أَقُولُ الْآنَ حِينَ أَسْلَمْتُ؟ قَالَ: (قُلِ: اللَّهُمَّ قِنِي شَرَّ نَفْسِي وَاعْزِمْ لِي عَلَى أَرْشَدِ أَمْرِي اللَّهُمَّ اغْفِرْ لِي مَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَخْطَأْتُ وَمَا عَمَدْتُ وَمَا جهلت)

الراوي : عِمْرَانَ بْنِ حُصَيْنٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 896 | خلاصة حكم المحدث:. صحيح ـ

বাংলা

৮৯৬. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন, “হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আব্দুল মুত্তালিব তার কওমের জন্য আপনার চেয়ে ভাল ছিলেন; তিনি তাদেরকে কলিজা ও কুঁজের মাংশ খাওয়াইতেন আর আপনি তাদেরকে কুরবানী করছেন!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “মাশাআল্লাহ!” অতঃপর লোকটি যখন চলে যাওয়ার জন্য উদ্যত হলো, তখন বললো, “আমি কী বলবো?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি বলো, اللَّهُمَّ قِنِي شَرَّ نَفْسِي وَاعْزِمْ لِي عَلَى أَرْشَدِ أَمْرِي (হে আল্লাহ, আমাকে রক্ষা করুন আমার

আত্মার অনিষ্ট থেকে, আর আমাকে স্থির রাখুন সবচেয়ে সঠিক পথের উপর।)” অতঃপর লোকটি চলে যায় কিন্তু ইসলাম গ্রহণ করলো না। এরপর (আবার ফিরে এসে) বলে, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আপনার কাছে এসে বলেছিলাম যে, আমাকে শিক্ষা দিন আর আপনি এই দু‘আটি বলতে বলেছেন, اللَّهُمَّ قِنِي شَرَّ نَفْسِي وَاعْزِمْ لِي عَلَى أَرْشَدِ أَمْرِي (হে আল্লাহ, আমাকে রক্ষা করুন আমার আত্মার অনিষ্ট থেকে, আর আমাকে স্থির রাখুন সবচেয়ে সঠিক পথের উপর।)” আর এখন যখন আমি ইসলাম গ্রহণ করেছি, তখন আপনি আমাকে কী বলতে বলবেন?”রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি বলো, اللَّهُمَّ قِنِي شَرَّ نَفْسِي وَاعْزِمْ لِي عَلَى أَرْشَدِ أَمْرِي اللَّهُمَّ اغْفِرْ لِي مَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَخْطَأْتُ وَمَا عَمَدْتُ وَمَا جهلت (হে আল্লাহ, আমাকে রক্ষা করুন আমার আত্মার অনিষ্ট থেকে, আর আমাকে স্থির রাখুন সবচেয়ে সঠিক পথের উপর। হে আল্লাহ, আপনি আমাকে ক্ষমা করে দিন যা আমি গোপনে করেছি, যা আমি প্রকাশ্যে করেছি, যা আমি ভুলবশত করেছি, যা আমি ইচ্ছাকৃত করেছি আর যা আমি অজ্ঞতাবশত করেছি।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩০২; সহীহ আল বুখারী: ৭৩৮৩; সহীহ মুসলিম: ২৭১৭; নাসাঈ আল কুবরা: ৫/২৬৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ২৪৭৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89400

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন